

## এনএসওইউ-এর সাফল্য

**ন**য়া কীর্তি নেতাজি সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয়ের। দেশের মধ্যে প্রথম 'স্টেট ওপেন ইউনিভার্সিটি' হিসাবে ন্যাকের 'এ' গ্রেড পেল নেতাজি সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয় (এনএসওইউ)। সম্প্রতি ন্যাকের পাঁচ সদস্যের দল বিশ্ববিদ্যালয় পরিদর্শন করতে আসে। কথা বলে অধ্যাপক, ছাত্রছাত্রী ও প্রাক্তনীদেব সঙ্গে। বিশ্ববিদ্যালয়ের সামগ্রিক পরিকাঠামো ও ব্যবস্থাপনায় খুশি হয়ে তাদের 'এ' গ্রেড

দিতে সম্মত হয়। বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর অধ্যাপক ড. শুভ শঙ্কর সরকার জানিয়েছেন, "এ সম্মান আরও উন্নত ও যুগপোযোগী শিক্ষাব্যবস্থা গড়ে তুলতে উৎসাহ দেবে। আগামীতে আরও নতুন কোর্স ও অনলাইন শিক্ষা ব্যবস্থার উপর বিশেষ জোর দেওয়া হবে।" অধ্যাপক ড. অনিবার্ণ ঘোষ জানান, এই নতুন সম্মান সত্যিই গর্বের ও আনন্দের। দেশের শিক্ষা মানচিত্রে আলাদা করে নিল নেতাজি সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয়।